**"বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমবায় কার্যালয়**
**তেতুঁলিয়া, পঞ্চগড়**
http://coop.tetulia.panchagarh.gov.bd/

স্মারক নং-৪৭.৬১.৭৭৯০.০০০.০৫.০৪২.১৯-৬৩(১০০), তারিখঃ- ০৯-০৩-২০২৩খ্রিঃ

**অফিস আদেশ**

"প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা নিয়োগ" সেবাটি সমবায় বিভাগে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সেবাটি সমবায়ীগণ সঠিকভাবে পায় না। সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩) এর ১৮(৫)/১৮(৭) ধারা মূলে যে সকল সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির মেয়াদকালের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করা না হলে মেয়াদ পুর্তির সাথে সাথেই উক্ত কমিটি বিলুপ্ত হইবে এবং নিবন্ধক সংশ্লিষ্ট সমবায় সমিতির ব্যাবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের জন্য সমিতির সদস্য বা সরকারি কর্মকর্তার সমন্বয়ে ১২০ (একশত বিশ) দিনের জন্য একটি অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন। সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত,২০০২ ও সংশোধিত,২০১৩) এর ১৮(৫)/১৮(৭) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/-টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয়-ব্যয় নির্বাহসহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোত্তীর্ণ কমিটির ব্যক্তিদের দ্বারা সমিতি পরিচালনা করার প্রবণতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু, সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সেহেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের প্রেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক বা নিয়ম-কানুন না জানার কারণেই হোক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রেরণ করতে পারেন না। সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত করা হলে প্রকারন্তরে সাধারণ সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এজন্য সেবাটি সহজ করা প্রয়োজন।

সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক জেলা সমবায় কার্যালয়ের জন্য "প্রাথমিক সমবায় সমিতির সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" সেবাটিকে সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার (১.১.১) এর সেবা সহজিকরণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে।

সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৫, তারিখঃ ২৭-০২-২০২৩খ্রিঃ স্মারক পত্রের নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, তেতুঁলিয়া, পঞ্চগড় এর "প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" সেবাটি সহজিকরণ প্রস্তাব সম্বলিত পূর্ণাঙ্গ ডকুমেন্টস অনুমোদনের জন্য জেলা সমবায় কার্যালয়, পঞ্চগড়ে প্রেরণ করা হয়। জেলা সমবায় কার্যালয়, পঞ্চগড়ে অনুমোদনের প্রেক্ষিতে "প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" সেবাটি এখন হতে নিম্নরূপভাবে প্রদান করা হবে।

"প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ" এর ধাপ সমুহ

১। ব্যবস্থাপনা কমিটি ১(এক) দিনের মধ্যে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্ পুরণ করবে;
২। পুরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ করবে;
৩। উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহণ করবে;
৪। উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ ও নথিতে উপস্থাপন;
৫। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফর্মের নির্দিষ্টস্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ কপি ইমেইল বা ডাকযোগে জেলা সমবায় কার্যালয় ও সমিতিতে প্রেরণ;
৬। পত্র জারীকরণ এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরণ;
৭। জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহণ;
৮। জেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরিভুক্তকরণ;
৯। জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন;
১০। জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ইমেইল বা ডাকযোগে উপজেলা সমবায় কার্যালয়/সমিতিতে প্রেরণ;

প্রতি
সভাপতি/সম্পাদক (সকল)
................................ সমবায় সমিতি লিমিটেড

০৯/০৩/২০২৩
**মোঃ ফারুক হোসেন**
উপজেলা সমবায় অফিসার
তেতুঁলিয়া, পঞ্চগড়
☎০২৫৮৯৯৪২৬০৫
ই-মেইল:**somtetu2017@gmail.com**

সদয় জ্ঞাতার্থেঃ-
জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।